গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উন্নয়ন-২ শাখা
www.lgd.gov.bd

মুজিববর্ষ 100

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-[illegible]৬৮.০১০.০০.০০.০১৫.২০২১-৬৮১

তারিখঃ ১৬ কার্তিক ১৪২৮
০১ নভেম্বর ২০২১

বিষয়: ভৌত অবকাঠামো নির্মাণ কাজে ইট ব্যবহারের ক্ষেত্রে ইটের গুণগতমান নিশ্চিতকরণ-সম্পর্কিত।

উপর্যুক্ত বিষয়ে মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সভাপতিত্বে গত ১৯ সেপ্টেম্বর ২০২১ তারিখ স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়; প্রধান প্রকৌশলী, এলজিইডি; প্রধান প্রকৌশলী, ডিপিএইচই এবং মন্ত্রিপরিষদ বিভাগ; জনপ্রশাসন মন্ত্রণালয়; সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ; বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ ও পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের প্রতিনিধিসহ জেলা প্রশাসক, গাজীপুর; জেলা প্রশাসক, ঢাকা; জেলা প্রশাসক নরসিংদী উপস্থিত ছিলেন। উন্নয়ন প্রকল্পসমূহে গুণগত মানসম্পন্ন ইটের ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে জেলা পর্যায়ে জেলা প্রশাসক এবং উপজেলা পর্যায়ে উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে দুটি কমিটি গঠন করে ইট ভাটার মালিকগণের সাথে সভা করে গুণগতমানের ইটের উৎপাদন নিশ্চিত করা এবং বিষয়টি নিবিড় তত্ত্বাবধান করার সিদ্ধান্ত গৃহীত হয় (কপি সংযুক্ত)।

০২. এমতাবস্থায়, বর্ণিত সভার সিদ্ধান্ত অনুসারে জেলা পর্যায়ে জেলা প্রশাসক এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে নিম্নবর্ণিত প্রস্তাবিত দু'টি কমিটি গঠন করা এবং এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

**জেলা পর্যায়ঃ উন্নয়ন প্রকল্পসমূহে গুণগতমান সম্পন্ন ইটের ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে ইট ভাটায় ইটের উৎপাদন তত্ত্বাবধান বিষয়ক জেলা কমিটি-**

| ক্রমিক | দপ্তর/সংস্থার প্রতিনিধি সদস্য | কমিটির পদ |
|---|---|---|
| ০১. | জেলা প্রশাসক | সভাপতি |
| ০২. | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ | সদস্য |
| ০৩. | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ০৪. | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | সদস্য |
| ০৫. | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর | সদস্য |
| ০৬. | নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড | সদস্য |
| ০৭. | উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর | সদস্য |
| ০৮. | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ০৯. | নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ১০. | ইট ভাটা মালিক সমিতির সভাপতি/প্রতিনিধি | সদস্য |
| ১১. | ঠিকাদার সমিতির সভাপতি/প্রতিনিধি | সদস্য |
| ১২. | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য-সচিব |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য-

| উপজেলা পর্যায়ঃ উন্নয়ন প্রকল্পসমূহে গুণগতমান সম্পন্ন ইটের ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে ইট ভাটায় ইটের উৎপাদন তত্ত্বাবধান বিষয়ক উপজেলা কমিটি- | | |
|---|---|---|
| ক্রমিক | দপ্তর/সংস্থার প্রতিনিধি সদস্য | কমিটির পদ |
| ০১. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ০২. | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ০৩. | গণপূর্ত অধিদপ্তরের সংশ্লিষ্ট উপজেলার মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ০৪. | পরিবেশ অধিদপ্তরের মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ০৫. | ইটভাটা মালিক সমিতির সভাপতি/মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ০৬. | ঠিকাদার সমিতির সভাপতি/প্রতিনিধি | সদস্য |
| ০৭. | উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য-সচিব |

**উভয় কমিটির কার্যপরিধিঃ**

০১. কমিটির ইটের স্ট্যান্ডার্ড সাইজ (৯.৫" X ৪.৫" X ২.৭৫"), গুণগতমান যেমন সমস্বত্ব রং, ধারালো চৌকোণা, ক্রাশিং স্ট্রেস্থ, পানি শোষণ ক্ষমতা ইত্যাদি সময় সময় পরীক্ষান্তে যাচাইপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করা;

০২. কমিটি ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর আলোকে ইট ভাটায় আধুনিক প্রযুক্তির যেমন Hybrid Hoffman Kiln, Zigzag Klin, Vertical Shaft Brick Kiln & tunnel Klin এর ব্যবহার নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

০৩. কমিটি প্রতি ০৩(তিন) মাস পরপর সভা আহবান করবেন;

০৪. ইট ভাটায় প্রস্তুতকৃত ইটের মান সন্তোষজনক না হলে কমিটি সংশ্লিষ্ট ইটভাটার মালিককে প্রয়োজনীয় দিক-নির্দেশনা দিবেন। পরবর্তীতে সংশোধন না করলে আইনানুগ ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ নিবেন;

০৫. কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

স্বা:

(জেসমিন পারভীন)
উপসচিব
ফোনঃ ০২-২২৩৩৫৫৫৬৭

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[দৃ: আ: অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ) মন্ত্রিপরিষদ বিভাগ।]

স্মারক নং- ৪৬.০৬৮.০১০.০০.০০.০১৫.২০২১-৬৮১/১(০৩)

তারিখঃ ১৬ কার্তিক ১৪২৮ / ০১ নভেম্বর ২০২১

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়;
০২. প্রধান প্রকৌশলী, এলজিইডি/ডিপিএইচই, ঢাকা।
০৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

১/১১/২০২১

(জেসমিন পারভীন)
উপসচিব